

১। যে কোনও একটি বাংলায় অনুবাদ করুন

১২

(a) Indian Prime Minister Narendra Modi and Bangladeshi Prime Minister Sheikh Hasina held talks on key bilateral, regional and international issues of mutual concern on Saturday, April 8, 2017. The leaders also explored ways to strengthen bilateral ties in key strategic areas of defence, security, trade and energy.

ভারতের প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৭'র ৮ই এপ্রিল, শনিবার দুদেশের মুখ্য দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রসঙ্গগুলি নিয়ে বৈঠক করেন। দুই দেশনায়কই প্রতিরক্ষা, নিরাপত্তা, বাণিজ্য এবং বিদ্যুৎব্যবস্থার উন্নতিসাধনের লক্ষ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের শক্তিবৃদ্ধির নানা সম্ভাবনা ও সমাধানের উপায় খোঁজার চেষ্টা করেন।

(b) Love has many different definitions ranging from a set of purely biological and chemical processes to a religious concept. Love is a mutual feeling between two people characterized by attachment, comfort, and generally positive feelings.

প্রেমের রকমফের অসংখ্য- বিশুদ্ধ জৈবিক ও রাসায়নিক প্রক্রিয়া থেকে ধর্মীয় প্রত্যয়ে। প্রেম দু'জন মানুষের মধ্যকার এমন এক ধরনের পারস্পরিক আবেগ, যান্ত্র লক্ষণ হল অনুরক্তি, আয়েস এবং সাধারণত কিছু সদর্ধক অনুভূতি।

২। যে কোনও একটি ইংরেজিতে অনুবাদ করুন।

১২

(ক) রাণু হাসিয়া বলে, তুমি কিছুই ধরতে পারনি মেজকা। তোমরা মায়েপোয়ে ঠিক এক রকম, কী যে কতগুলো আওড়ে গেলে! ছবিরানীর কথায় আবার ইংরেজি এল কোথেকে বুঝতে পারি না। না জানো তো, আমার কাছে শোনো।

Ranu said smiling, "You could sense nothing, Mejka. Both of you, mother and son uttered the same gibberish! I hardly find any English word in Chabirani's speech. If you can't get on to it, then listen to me.

(ক) কিন্তু কোথা সে? মেজদার 'দি রয়্যাল বেঙ্গল টাইগার'ই হোক আর রামকমলের 'মস্ত ভালুক'ই হোক, সে আসিলই বা কীরূপে, গেলই বা কোথায়? এতগুলো লোক যখন দেখিয়াছে, তখন সে কিছু একটা বটেই!

৪) নতুন ফ্ল্যাট কেনার সংবাদ জানিয়ে আপনার বন্ধুকে একখানি পত্র লিখুন।

০৮

কলকাতা

১৪.০৬.২০১৭

প্রিয় দিব্যেন্দু

আশা করি ভাল আছো। দিল্লি থেকে ফিরে গত চার মাসে তোমাকে কোনো চিঠি লিখতে পারি নি। কারণ, কলকাতার নিউটাউন এলাকায় একটি তিন কামারার নতুন ফ্ল্যাট কিনতে ব্যস্ত ছিলাম। একে তো অফিসের চাপ, তার উপরে আবাসন-এজেন্টদের সঙ্গে ঘুরে ঘুরে ফ্ল্যাট দেখা, লোনের তদারকি, রেজিস্ট্রেশন, ইন্টরিয়র ডেকোরেশন এবং গৃহপ্রবেশের ব্যবস্থাপনা- সব মিলিয়ে একেবারে নাজেহাল হয়ে পড়েছিলাম। যাই হোক, এখন কিছুটা স্থিত হয়েছি। তোমাকে আমার নতুন আবাসে আমন্ত্রণ জানাচ্ছি। যতো দ্রুত পারো, চলে আসো। আমি তোমার জন্যে উন্মুখ হয়ে আছি। তোমার সমস্ত খবরাখবর দিয়ে। ভালো থেকে।

প্রীতি সহ

ক খ গ

অথবা

একটি সুন্দর ভ্রমণের অভিজ্ঞতা নিজের বন্ধুকে জ্ঞাপন করুন।

কলকাতা

৪.৬.২০১৭

প্রিয় অজিত

তোমার চিঠি থেকে জানতে পারলাম যে, তুমি বন্যপ্রাণী সংরক্ষণের জন্যে একটি ট্রাস্ট গঠনে উদ্যোগী হয়েছ। এ জন্যে তোমাকে ধন্যবাদ জানাই। প্রসঙ্গত আমার দু'মাস আগেকার 'জলদাপাড়া অভয়ারণ্য' ভ্রমণের অভিজ্ঞতাটিকে তোমার সঙ্গে খানিকটা ভাগ করে নিতে চাই। জলদাপাড়া আলিপুরদুয়ার জেলার একটি সুবিস্তৃত বনাঞ্চল। প্রধানত শাল, শিমূল ও খয়ের গাছেরই প্রাধান্য। দীর্ঘ ঘাসবন ও নাতি উচ্চ উদ্ভিদও ভালই আছে। আর আছে স্বচ্ছসলিলা পাহাড়ি নদী। তাতে মাছও মেলে যথেষ্টই। ফলে হাতি, গণ্ডার, ভাম ও হরিণ সেখানে সুপ্রচুর। আর আছে কয়েক প্রজাতির লেপার্ড। আমি জলদাপাড়া অভয়ারণ্যের প্রবেশদ্বার মাদারিহাট টুরিস্ট লজের কটেজে দু দিন ছিলাম। সেখান থেকে একদিন জিপ সাফারি এবং অন্যদিন হাতির পিঠের সওয়ারী হয়ে অরণ্যচারী হয়েছিলাম। লেপার্ড ছাড়া উক্ত বাকি সমস্ত জন্তুদের সঙ্গেই মোলাকাৎ হয়েছে আমার। আর দেখেছি ডুয়ার্সের সকাল, বিকাল, সন্ধ্যা ও রাতের বর্ণিলতা, সজীবতা, কলকাকলি, বিষম্বতা, কখনওবা নিব্বুম নীরবতাও। সোনালি রোদ আর ঝোড়ে মেঘের দামাল বৃষ্টিকে উপভোগ করেছি। তোমাকেও একবার ডুয়ার্স ঘুরে আসতে অনুরোধ করছি। আমার অফুরন্ত ভালোবাসা গ্রহণ করো।

ইতি

তোমার ক খ গ

But where was it ? Whether 'Royal Bengal tiger' of Mejda or 'the great bear of Ramkanal', how could it have come into the house, and where had it gone? When so many people had seen it, there must certainly have been something.

৩) আপনার মোবাইল হারিয়ে যাওয়ায় স্থানীয় থানায় একটি ডায়ারি করুন ।

০৮

মাননীয়

মুচিপাড়া থানার ভারপ্রাপ্ত আধিকারিক সমীপেষু

মহাশয়,

৭১ নম্বর বাসে করে শেয়ালদা থেকে কলেজ স্ট্রিটে আসার সময় সম্ভবত আর্মহাস্ট স্ট্রিটের কাছে কেউ বুক পকেট থেকে আমার মোবাইল ফোনটি চুরি করে নিয়েছে। আমার সিম কার্ডটি এয়ার সেলের এবং ফোন নম্বরটি হচ্ছে-ক খ গ ইত্যাদি। আমার ডায়ারিটি গ্রহণ করে আমাকে একটি শীলমোহরকৃত কপি প্রত্যর্পণ করুন, যাতে সেটিকে সংযুক্ত করে আমি এয়ার সেল কোম্পানির কাছে আমার সিমটি বন্ধ করার আবেদন জানাতে পারি।

ধন্যবাদসহ

কলকাতা

৭। ৬। ২০১৭

আপনার একান্ত বিশ্বাসভাজন

ক খ গ

(এখানে বাসস্থানের ঠিকানা দিতে হবে)

অথবা

দু'দিন অফিসে অনুপস্থিত হওয়ার জন্যে ক্যাজুয়াল লিভের জন্যে আবেদন করুন ।

০৮

মাননীয় জেলা সমাহর্তা সমীপেষু

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, পারিবারিক কিছু অসুবিধের জন্য গত ৫ই ও ৬ই জুন অফিসের কাজে যোগ দিতে পারি নি। উক্ত দুই দিনের জন্যে আমাকে অনুগ্রহপূর্বক দুটি নৈমিত্তিক ছুটি মঞ্জুর করে বাধিত করবেন।

ধন্যবাদ সহ

ইতি

বারাসাত

৭। ৬। ২০১৭

আপনার একান্ত বিশ্বাসভাজন

ক খ গ